

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৬ ৫

তারিখ: ১ এপ্রিল ২০১৯

- বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মার্চ ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনজিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১০ এপ্রিল ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয়   | আলোচনা  | সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী কর্মকর্তা                   |
|------|---|---|---|--|
| ১.০  | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত।                                      | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত মার্চ ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক বিগত মাসের প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।   | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় এর ধারাবাহিকতা ধরে রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।   | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০  | মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি’র মাধ্যমে প্রেরণ ও অন্যান্য। | (ক) ইএফটি’র মাধ্যমে মঞ্জুরীকৃত অর্থ মৃত কর্মীর পরিবারের একাউন্টে সরাসরি প্রেরণ করায় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) তে মৃতের অনুকূলে সৃজিত নথিটি অনিষ্পন্ন থেকে যায়। ফলে ডিইএমওতে এ সকল নথি নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হয়। ইএফটি’র মাধ্যমে মৃতের পরিবারের নিকট অর্থ প্রেরণের বিষয়টি ডিইএমওকে অবহিত করা প্রয়োজন। ইএফটি’র মাধ্যম প্রেরিত অর্থ প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী প্রয়োজনীয় তথ্যাদি ই-মেইলের মাধ্যমে ডিইএমওকে অবহিত করণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত অর্থ মৃতের পরিবারের নিকট বিতরণের সময় দূতাবাসের পত্র এবং সংশ্লিষ্ট ব্যাংক অ্যাডভাইজের সাথে মিল রেখে যাচাইপূর্বক অর্থ বিতরণ করার বিষয়ে আলোচনা হয়। | (ক) ইএফটি’র মাধ্যম প্রেরিত অর্থ প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী প্রয়োজনীয় তথ্যাদি ই-মেইলের মাধ্যমে ডিইএমওকে অবহিত করতে হবে।<br><br>(খ) বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত অর্থ মৃতের পরিবারের নিকট বিতরণের সময় দূতাবাসের পত্র এবং সংশ্লিষ্ট ব্যাংক অ্যাডভাইজের সাথে মিল রেখে যাচাইপূর্বক অর্থ বিতরণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |

